ফোনঃ
অফিস ঃ ৯৫৫০৩৫৩

গোপনীয়

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃংখলা পরিদপ্তর

পানি ভবন (লেভেল-৭), ৭২, গ্রীণ রোড, ঢাকা-১২১৫

স্মারক নং-১০২-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯

০৩/০৭/১৪২৭ বঙ্গাঃ
তারিখ ঃ ----------------------
১৯/১০/২০২০ খ্রিঃ

দপ্তারাদেশ

জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ বিগত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ কর্তৃক ০৭(সাত) টি স্মারকের মাধ্যমে দপ্তরে যোগদানের জন্য নির্দেশ প্রদান করা সত্বেও তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগাযোগ না করে দপ্তরে অনুপস্থিত রয়েছেন মর্মে অবহিত করে উল্লেখিত বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ তার স্মারক নং-৩৮-ড্রেঃ(প্রঃপ্রঃ)প্রশা/ তারিখঃ ২২/০১/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে অনুরোধ করেন। উক্ত অনুরোধের প্রেক্ষিতে কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার অননুমোদিত অনুপস্থিতির প্রকৃত কারণ উদঘাটনের জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৬-পাউবো/শৃং/শা-১/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ১৪/০২/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন হতে দেখা যায় যে, জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি পলায়ন অর্থাৎ দক্ষিণ কোরিয়ায় অবস্থান করছেন এবং গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতেই কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এমনকি তিনি তার দপ্তরের সাথে অদ্যাবধি কোন যোগাযোগ রক্ষা করেননি অর্থাৎ তিনি ০৮/০৮/২০১৬ খ্রিঃ হতে সুদীর্ঘ সময় বোর্ডের কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা বাপাউবোর্ডের স্বার্থের পরিপন্থি, পলায়ন ও দাপ্তরিক কাজে অবহেলার পরিচয় বহন করে।

২। জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ গত ০৮/০৮/২০১৬ খ্রিঃ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন এবং বোর্ড ও সরকারের অনুমতি ছাড়াই দক্ষিণ কোরিয়ায় /অবস্থান করছেন এবং বোর্ডের সাথে কোন প্রকার যোগাযোগ রক্ষা না করে অদ্যাবধি অনুনমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তার এহেন কর্মকান্ড বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ২(১৩) অনুযায়ী পলায়ন হিসেবে বিবেচিত।

৩। জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ উপরোক্ত কর্মকান্ড করে এরূপ আচরণ প্রদর্শন করেছেন যা দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নের সামীল এবং ইহা করে তিনি বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৮ (ক),(খ) ও (গ) মোতাবেক অপরাধ করেছেন যার জন্য উক্ত প্রবিধানমালার প্রবিধান ৪৯ (১) (খ) অনুযায়ী তার উপর যে কোন দন্ড আরোপ যোগ্য।

৪। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান-৪৯ এর উপ-প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী প্রস্তাবিত দন্ড কেন তার উপর আরোপ করা হবে না উহা উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-৫৭-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ২৯/০৫/২০১৯ খ্রিঃ মাধ্যমে কার্যধারা সূচনা পূর্বক অভিযোগনামা তার অফিসের ঠিকানায় প্রেরণ করা হলে "প্রাপক দেশের বাহিরে থাকেন(প্রবাসী) তাই পত্রখানা ফেরত" মর্মে মন্তব্যসহ পত্রটি ফেরত আসে এবং স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হলে অদ্যাবধি কোন জবাব পাওয়া না যাওয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী তার বিরুদ্ধে আনিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য শৃংখলা পরিদপ্তরের স্মারক নং-১৩২-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ১২/১১/২০২০ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা বিষয়টি তদন্ত করতঃ তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৫। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র যথাযথ পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ তিনি বিগত ০৮.০৮.২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮-০৮-২০১৬ খ্রিঃ থেকে তার ওপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissed from service) দন্ড আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার বিরুদ্ধে আনীত অভিযোগ অর্থাৎ তিনি বিগত ০৮-০৮-২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তার অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮.০৮.২০১৬ খ্রিঃ থেকে তার উপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from service) দন্ড কেন আরোপ করা হবে না, উহা বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২ এর উপ-প্রবিধান (৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে শৃংখলা পরিদপ্তরে উহার কারণ দর্শাইবার জন্য শৃংখলা পরিদপ্তরে স্মারক নং-৯২- পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯ তারিখঃ ২০/০৯/২০২০ খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত কারণ দর্শানোর নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি রেজিঃ ডাকযোগে (প্রাপ্তি স্বীকারসহ) প্রেরণ করা হয়। স্থায়ী ঠিকানায় প্রেরিত নোটিশ এর কোন জবাব পাওয়া যায়নি এবং দাপ্তরিক ঠিকানায় প্রেরিত নোটিশটি "গ্রহণ করা হলেও প্রাপক দপ্তরে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় পত্র সরাসরি শৃংখলা পরিদপ্তরে ফেরত প্রদান করা হলো" মন্তব্যসহ ডাক বিভাগ কর্তৃক অত্র দপ্তরে ফেরত প্রদান করা হয়।

অঃপৃঃদ্রঃ

৭। জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় অর্থাৎ উক্ত কর্মকর্তা বিগত ০৮.০৮.২০১৬ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকায় যা পলায়নের সামীল হওয়ায় এবং তিনি অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১) (খ) (উ) মোতাবেক তার কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮.০৮.২০১৬ খ্রিঃ থেকে তার ওপর বাপাউবোর্ডের চাকুরী হতে "বরখাস্ত" (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ এর ওপর বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ০৮-০৮-২০১৬ খ্রিঃ তারিখ হতে বাপাউবোর্ডের চাকুরী হতে 'বরখাস্ত' (Dismissal from Service) দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৯। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

(আব্দুল খালেক)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩০১২০০০১
টেলিফোন নম্বর ঃ ৯৫৫০৩৫৩
dir.discipline.bwdb@gmail.com

স্মারক নং-১০২(১৬)-পাউবো/শৃং/শা-৩/অভি(গ)-০১/২০১৯

তারিখঃ ০৩/০৭/১৪২৭ বঙ্গাঃ
১৯/১০/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. প্রধান প্রকৌশলী, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
২. সচিব, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাধায়ক প্রকৌশলী, ড্রেজার সার্ভিসেস সার্কেল, ড্রেজার পরিদপ্তর, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৪. পরিচালক কর্মচারী পরিদপ্তর/কর্মচারী উন্নয়ন পরিদপ্তর/ হিসাব রক্ষণ পরিদপ্তর বাপাউবো, ঢাকা।
৫. সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬. সিস্টেম এনালিস্ট, চীফ মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তারাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য আদিষ্টমতে অনুরোধ করা হলো।
৭. নির্বাহী প্রকৌশলী, নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৮. উপ পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, নারায়ণগঞ্জ।
৯. ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন /পূর্ব রিজিয়ন/অর্থ/পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।
১০. জনাব বিমল চন্দ্র বর্মণ (আইডি নং-৯০০১০১০০১), লস্কর(বরখাস্তকৃত), নারায়ণগঞ্জ ড্রেজার বিভাগ, বাপাউবো, নারায়ণগঞ্জ/প্রযত্নে পিতাঃ প্রফুল্ল চন্দ্র বর্মণ, বাড়ী নং-৩০৫৭, ওয়ার্ড নং-০৬, মহল্লা-খালেকার কান্দী, ডাকঘর-কুলিয়ারচর, জেলাঃ কিশোরগঞ্জ।

১৯/১০/২০২০
(ফজলুল করিম)
উপ-পরিচালক
পরিচিতি নং-৬৪০৩১১০০১
টেলিফোন নং-৯৫৬৯৭৭৯

ডায়েরী নং ৮৭ তারিখঃ ২৭/১০/২০
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা